

নজরুল গীতিঃ  
তুমি কি দক্ষিণা পবন



কাজী নজরুল ইসলাম

তুমি কি দক্ষিণা পবন  
দুলে ওঠে দেহলতা,  
ফুলে ফুলে ফুল্ল হয়ে ওঠে মন ॥

অন্তর সৌরভে শিহরে  
কথার কোয়েলিয়া কুহরে।  
তনু মন রঞ্জিত করে গো  
প্রীতির পলাশ-রঙ্গন ॥

কী যেন মধু জাগে হিয়াতে—  
চাহে যেন সেই মধু  
কোন্ চাঁদে পিয়াতে।

ফুটাইয়া ফুল কোথা চলে যাও,  
হতাশ নিঃশ্বাসে কী বলে যাও—  
মধু পান করি না'ক  
রচে যাই শুধু মধুবন ॥

সৌজন্যেঃ নজরুল রচনাবলী, বাংলা একাডেমী, ঢাকা, ১৯৯৬, খন্ড ৩, পৃঃ ৬৬৭-৬৬৮।

[Home](#)